রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ৪২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২১, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬০৫—৬১৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৬৭—১৩৮২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৩১—১৩৪৯ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ ভাদ্র, ১৪২৮/১৩ সেপ্টেম্বর, ২০২১

নং **০৫.১৮০.০২৭.০২.০০.০০৪.২০২০-১৪০**—যেহেতু, জনাব নাজিয়া শিরিন (পরিচিতি নম্বর-৬৮৭৪), প্রাক্তন জেলা প্রশাসক, নীলফামারী বর্তমানে পরিচালক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ঢাকা জেলা প্রশাসক, নীলফামারী হিসেবে কর্মরত থাকাকালে নীলফামারী জেলার ডিমলা উপজেলার টেপাখড়িবাড়ী ইউনিয়নে উত্তর খড়িবাড়ী মৌজায় তিস্তা নদীর উপর সৃজিত বালু মহাল ইজারা প্রদানের ক্ষেত্রে ইজারা গ্রহীতা কর্তৃক দাখিলকৃত চেক ব্যাংকে জমা না দিয়ে ইজারা বাবদ সমুদয় অর্থ পাওয়া গেছে মর্মে উল্লেখ করে ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদনের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে রুজুকৃত ০৫.১৮০.২৭.০২.০০.০০৪.২০২০ নম্বর বিভাগীয় মামলায় ১৩-০৮-২০২০ খ্রি. তারিখের ১৪৭ নম্বর স্মারকের মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বেগম নাজিয়া শিরিন ১০-০৯-২০২০ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ০৭-১০-২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ০৮-০৩-২০২১ খ্রি. তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে বেগম নাজিয়া শিরিন-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে কিন্তু একই বিধিমালায় বিধি ৩(ঘ) অনুযায়ী আনীত 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করেন; এবং

যেহেতু, জনাব নাজিয়া শিরিন (পরিচিতি নম্বর-৬৮৭৪)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব এবং সার্বিক বিষয় পর্যালোচনায় তাঁকে উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুসারে '০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু, উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে জনাব নাজিয়া শিরিন মহামান্য রাষ্ট্রপতি সমীপে আপিল আবেদন পেশ করলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে জনাব নাজিয়া শিরিন-এর আপিল আবেদন বিবেচনা করে পূর্বে প্রদত্ত '০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় দণ্ডাদেশ বাতিল করে তাঁকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করেছেন;

সেহেতু, জনাব নাজিয়া শিরিন (পরিচিতি নম্বর-৬৮৭৪), প্রাক্তন জেলা প্রশাসক, নীলফামারী বর্তমানে পরিচালক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ঢাকা-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় '০২ (দুই) বছরের বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করে জারীকৃত জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১১-০৫-২০২১ খ্রি. তারিখের ০৫.১৮০.০২৭.০২.০০.০০৪. ২০২০-৭২ নম্বর প্রজ্ঞাপনটি বাতিলপূর্বক তাঁকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.১৮০.২৭.০২.০০.০১২.২০১৯-১৩৯**—যেহেতু, জনাব নাজমুন নাহার মান্নু (পরিচিতি নম্বর-৬৩৩৪), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় গত ০৩-০৪-২০০৪ হতে ০৫-০৬-২০০৭ তারিখ পর্যন্ত রেভিনিউ ডেপুটি কালেক্টর হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর-এ কর্মরত থাকাকালে বৈজ্ঞানিক উপায়ে মাছ চাষের জন্য নাটোর আধুনিক মৎস্য চাষ প্রকল্প লিঃ-এর অনুকূলে ১০ বছরের জন্য বন্দোবস্তকৃত নাটোর জেলার নাটোর সদর উপজেলাধীন ১ নম্বর খাস খতিয়ানভুক্ত ৬০০৪, ৬৯৪৩ ও ৮৫১৭ নং দাগে অবস্থিত ২৭.১৬৯৬ একর আয়তন বিশিষ্ট অর্ধবঙ্গেশ্বরী রানী ভবানী দিঘির দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত প্রস্তাব প্রয়োজনীয় কাগজপত্র ছাড়াই বিধি বহির্ভূতভাবে অগ্রায়ন করায় এবং পরবর্তীকালে জেলা প্রশাসক কর্তৃক তা অনুমোদিত হওয়ার পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

০২। যেহেতু, জনাব নাজমুন নাহার মান্নু-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ০৪-১১-২০১৯ তারিখের ০৫.১৮০.২৭. ০২.০০.০১২.২০১৯-৫৮০ নম্বর স্মারকে কারণ দর্শাতে বলা হলে তিনি ১৭-১২-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ০৬-০৮-২০২০ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য বিবেচনায় অভিযোগটি তদন্ত করার জন্য ড. মোঃ হুমায়ুন কবীর (পরিচিতি নম্বর-৫৭৫৩), প্রাক্তন অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয় বর্তমানে বিভাগীয় কমিশনার, রাজশাহী-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ১৭-০৮-২০২১ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব নাজমুন নাহার মান্নু-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন এবং প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তিনি 'অসদাচরণ' এর প্রমাণিত অভিযোগে দণ্ড পাওয়ার যোগ্য;

০৫। সেহেতু, জনাব নাজমুন নাহার মান্নু (পরিচিতি নম্বর-৬৩৩৪), প্রাক্তন রেভিনিউ ডেপুটি কালেক্টর, নাটোর বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব এবং সার্বিক বিষয় বিবেচনায় একই বিমিালার ৪(২)(খ) বিধি অনুসারে তাঁকে '০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে তিনি উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম আলী আজম**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এশিয়া শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ সেপ্টেম্বর ২০২১

নং **০৯.০০.০০০০.১৮৩.২৪.০০৩.২০-৪১৯**—অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৩ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত High Level Project Monitoring Committee এর সভার কার্যবিবরণীর ৩ নং ক্রমিকে একটি Technical Committee গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে নিম্নরূপভাবে Technical Committee গঠন করা হলো :

কমিটি গঠন :

**সভাপতি**

১। অনুবিভাগ প্রধান, এশিয়া, জেইসি ও এফএন্ডএফ অনুবিভাগ

**সদস্যবৃন্দ**

২। প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি

৩। ভারত সরকারের প্রতিনিধি

৪। ঢাকাস্থ ভারতীয় হাই কমিশনের ২ জন প্রতিনিধি

৫। অর্থ বিভাগের প্রতিনিধি

৬। পরিকল্পনা বিভাগের কমিশনের প্রতিনিধি

৭। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি

৮। জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি

৯। ভারতীয় এক্সিম ব্যাংকের প্রতিনিধি

**সদস্য-সচিব**

১০। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা

এছাড়াও বর্ণিত কমিটি প্রয়োজন অনুসারে সদস্য কো-অপ্ট করতে পারবে।

Terms of Reference

1. Examine the preparation procedure of LoC projects to recommend a standard guideline along with timeline to prepare DPPs in a befitting manner;
2. Examine the existing procurement process (tendering process) and Inplementation process (approval at different stages, bill payments, tax and CD-vat issue etc,) of LoC projects compared to other development

partners to recommend a standard time bound guideline to ensure timely implementation of LoC projects;

3. Recommend rational content of Indian goods/services considering the practical issues raised during the implementation of different LoC Projects and also suggest appropriate methods to apply for required reduction of Indian content as per the existing rules and regulations.

4. Review the existing LoC Agreement to recommend a way forward for availing 15 years repayment period to ensure optimum utilization of LoC funds;

5. Ensure smooth and hindrance free entry/re-entry/visa renewal facilitation for Indian porject personnel.

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

যথাযথ কর্তৃপক্ষের আদেশক্রমে

**মুহাম্মদ রেজাউল করিম**
উপসচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-১০৮/৭৯-১৩৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (শফিকুল ইসলাম, পিতা-আবুল কাশেম, মাতা-রুকিয়া বেগম, গ্রাম-মামুদপুর উল্লাসের কান্দা, ওয়ার্ড নং-০৫, ডাকঘর-রাজপ্রসাদ, উপজেলা-রায়পুরা, জেলা-নরসিংদী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার রায়পুরা উপজেলার রায়পুরা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## মৎস্য-০৫ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২০ শ্রাবণ ১৪২৮/০৪ আগস্ট ২০২১

নং **৩৩.০০.০০০০.১৩০.৯৯.০২৭.১৯-২২**—বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (BFRI) কৌলিতাত্ত্বিক গবেষণার মাধ্যমে ২০২০-২০২১ সালে রুই মাছের (*Labeo rohita*) ৪র্থ প্রজন্ম উদ্ভাবন করিয়াছে। নতুন এই জাতের (Polymorphic locus ও Gene diversity) যথাক্রমে ১৫ এবং ০.২৭১±০.১৯০। দৃষ্টিনন্দন, দ্রুত বর্ধনশীল রুই মাছের এই জাতটি অন্তঃপ্রজনন সমস্যামুক্ত এবং প্রচলিত জাতের চেয়ে ২০.১২% অধিক উৎপাদনশীল।

০২। ২০২১ সালে বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী (৫০ বছর পূর্তি) স্মরণে নতুন উদ্ভাবিত রুই মাছের ৪র্থ প্রজন্মের এই জাতটিকে **সুবর্ণ রুই** (Subarno Rui) নামকরণ করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ জেড এম নূরুল হক**
উপসচিব।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন অধিশাখা-৩

### প্রজ্ঞাপন

তারিখ : ৩০ ভাদ্র ১৪২৮/১৪ সেপ্টেম্বর ২০২১

নং **২৫.০১৫.০০১.০২.০০.০০৩.০৮-৬৭৫**—The Abandoned Buildings (Supplementary Provision) Ordinance, 1985 এর ৯ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গঠিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন **১ম** কোর্ট অব সেটেলমেন্ট ও ২য় কোর্ট অব সেটেলমেন্টের মেয়াদ সরকার ০১ জুন ২০২১ হতে ৩১ মে ২০২২ পর্যন্ত বৃদ্ধি করলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল কাইয়ুম চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব (বিকল্প কর্মকর্তা)।

---

## সমাজকল্যাণ মন্ত্রণালয়
## প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ৩১ আষাঢ় ১৪২৮/১৫ জুলাই ২০২১

নং **৪১.০০.০০০০.০২০.২৭.০১৪.২০.১১৭**—যেহেতু, জনাব মোঃ শাহাদৎ হোসেন, সহকারী পরিচালক, জেলা সমাজসেবা অফিসার, নাটোর (সাবেক সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নওগাঁ এবং সাবেক উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, তাড়াশ, সিরাজগঞ্জ) এর বিরুদ্ধে তাড়াশ উপজেলায় যোগদানের পর হতেই উক্ত উপজেলার বরাদ্দকৃত অর্থ সঠিকভাবে ব্যয় না করে দুর্নীতিতে জড়িয়ে পড়া, নিয়ম অনুযায়ী কোনো কাজ না করা, কোনো দিন মাঠ পরিদর্শন না করা, কর্মচারীদের ১/২ জন ছাড়া সবাইকে বসিয়ে রাখা, আরএসএস কর্মসূচির আওতায় ঋণ বিতরণ না করে প্রচুর অর্থ ব্যাংকে ফেলে রাখা, ০৫-০৫-২০১৯ তারিখ রোগী কল্যাণ তহবিলের অর্থ তার প্রিয়ভাজন ও প্রভাবশালী একজন ব্যক্তির দেয়া ৩৫ জন লোকের অনুকূলে বরাদ্দ দিয়ে নিজেদের মধ্যে ভাগাভাগি করে নেয়া, নিজ অফিসে বসে মহিলা কর্মচারী ও অন্যান্য কর্মচারীদের সাথে অশালীন আচরণ, স্থানীয় মুক্তিযোদ্ধা ও সম্মানিত ব্যক্তিদের সাথে খারাপ আচরণ ইত্যাদি অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, প্রাথমিক তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর (শাহাদৎ হোসেন) বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে ০৪/২০২০ নম্বর বিভাগীয় মামলা রুজুকরত জবাব দাখিলের জন্য অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাবে তিনি ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানি গ্রহণ শেষে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক অভিযোগনামা ও অভিযোগ বিবরণীতে বর্ণিত অভিযোগের বিষয়ে তদন্তকরত প্রতিবেদন দাখিল করা হয়;

যেহেতু, দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক জনাব মোঃ শাহাদৎ হোসেন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব মোঃ শাহাদৎ হোসেন, সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নাটোর-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর দায় হতে একই বিধিমালার ৭(২)(ক) বিধি মোতাবেক অব্যাহতি প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহফুজা আখতার**
সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আশ্বিন ১৪২৮/১৯ সেপ্টেম্বর ২০২১

নং **৩৭.০০.০০০০.০৭০.৫৯.০০১.১৮.১৮৩**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদরে অবস্থিত 'বীরশ্রেষ্ঠ শহীদ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কলেজ' গত ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঈনুল হাসান**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ ভাদ্র ১৪২৮/০৫ সেপ্টেম্বর ২০২১

নং **৩৭.০০.০০০০.০৭০.৪৫.০০১.১৮.১৫৫**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে মাদারীপুর জেলার সদর উপজেলাধীন 'ছিলারচর বালীকান্দি শেখ ফজিলাতুন্নেছা মুজিব কলেজ' গত ২৯ আগস্ট ২০২১ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালেদা আখতার**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**সংস্থাপন-১ শাখা**

**আদেশ**

তারিখ : ০৫ আশ্বিন ১৪২৮/২০ সেপ্টেম্বর ২০২১

নং **৪০.০০.০০০০.০২০.৯৯.০০৩.১৯-২২৯**—আদিষ্ট হয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের রাজস্বখাতে অস্থায়ীভাবে পদ সৃজন, পদ উন্নীতকরণ, পদনাম পরিবর্তনে মন্ত্রিপরিষদ বিভাগের ১৫-১২-২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২১১.০৬.০৩৮.১৩.৫৬৬ নং স্মারকে জারীকৃত সুপারিশের ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮-০৩-২০২১ তারিখের (i) ০৫.০০.০০০০.১৫৩.১৫.০০১.১৩(অংশ-১)-৫৫; ও (ii) ০৫.০০.০০০০.১৫৩.১৫.০০১.১৩(অংশ-১)-৬৩ নং স্মারক এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৬-০৮-২০২১ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪০.০০২.১৩-১০৬ নং স্মারকের সম্মতির প্রেক্ষিতে নির্দেশক্রমে প্রশাসনিক মঞ্জুরি আদেশ জ্ঞাপন করা হলো :

(ক) **পদসৃজন**

| ক্র/নং | অর্থ বিভাগ কর্তৃক সম্মতি প্রদানকৃত পদনাম | সংশোধিত পদনাম (সচিব কমিটি, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি অনুসারে) | পদের সংখ্যা | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জা.বে.স্কে. ২০১৫) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | উপ-প্রধান পরিদর্শক | উপমহাপরিদর্শক | ২০টি | ৩৫,৫০০—৬৭,০১০/- (গ্রেড-৬) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল [বিধি ২(২) এর ক্রমিক-৪ অনুযায়ী পূরণযোগ্য] |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ২. | সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ৭৪টি | ২২,০০০—৫৩,০৬০ (গ্রেড-৯) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল [বিধি ২(২) এর ক্রমিক-৫ অনুযায়ী পূরণযোগ্য] |
| ৩. | সহকারী প্রধান পরিদর্শক (স্বাস্থ্য) | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ২০টি | ২২,০০০—৫৩,০৬০ (গ্রেড-৯) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল [বিধি ২(২) এর ক্রমিক-৬ অনুযায়ী পূরণযোগ্য] |
| ৪. | সহকারী প্রধান পরিদর্শক (সেফটি) | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ১৭টি | ২২,০০০—৫৩,০৬০ ( গ্রেড-৯) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল [বিধি ২(২) এর ক্রমিক-৭ অনুযায়ী পূরণযোগ্য] |

(খ) **পদ উন্নীতকরণ**

| ক্র/নং | অর্থ বিভাগ কর্তৃক সম্মতি প্রদানকৃত পদনাম | সংশোধিত পদনাম (সচিব কমিটি, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি অনুসারে) | পদের সংখ্যা | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জা.বে.স্কে. ২০১৫) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | উপ-প্রধান পরিদর্শক | উপ-মহাপরিদর্শক | ০৫টি | ৩৫,৫০০—৬৭,০১০/- ( গ্রেড-৬) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল [বিধি ২(২) এর ক্রমিক-৪ অনুযায়ী পূরণযোগ্য] |

(গ) **পদনাম পরিবর্তন**

| ক্র/নং | অর্থ বিভাগ কর্তৃক সম্মতি প্রদানকৃত পদনাম | সংশোধিত পদনাম (সচিব কমিটি, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি অনুসারে) | পদের সংখ্যা | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জা.বে.স্কে. ২০১৫) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | উপ-প্রধান পরিদর্শক | উপমহাপরিদর্শক | ০৭টি | ৩৫,৫০০—৬৭,০১০/- ( গ্রেড-৬) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল [বিধি ২(২) এর ক্রমিক-৪ অনুযায়ী পূরণযোগ্য] |
| ২. | সহকারী প্রধান পরিদর্শক (স্বাস্থ্য) | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ২১টি | ২২,০০০—৫৩,০৬০ ( গ্রেড-৯) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল [বিধি ২(২) এর ক্রমিক-৬ অনুযায়ী পূরণযোগ্য] |
| ৩. | সহকারী প্রধান পরিদর্শক (সেফটি) | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ২৪টি | ২২,০০০—৫৩,০৬০ ( গ্রেড-৯) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল [বিধি ২(২) এর ক্রমিক-৭ অনুযায়ী পূরণযোগ্য] |
| ৪. | সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ২২টি | ২২,০০০—৫৩,০৬০ ( গ্রেড-৯) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর তফসিল [বিধি ২(২) এর ক্রমিক-৫ অনুযায়ী পূরণযোগ্য] |

০২। উল্লিখিত পদে ব্যয়ভার কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে। এ পদ সৃজনে প্রচলিত যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করা হয়েছে।

**মোঃ হানিফ সিকদার**
উপসচিব (সংস্থাপন)।

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**
**আদেশ**

তারিখ : ০৬ আশ্বিন ১৪২৮/২১ সেপ্টেম্বর ২০২১

নং **৩৬.০০.০০০০.০৬৫.১৫.০০৬.১৫(৩য় খন্ড)-৪৬৮**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)-এর আইসিটি সেল স্থাপনের লক্ষ্যে আইসিটি সংশ্লিষ্ট ০৪টি পদ আগামী ০১ (এক) বছর পদ ২১-০৯-২০২১ হতে ২০-০৯-২০২২ তারিখ পর্যন্ত সংরক্ষণসহ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের সরকারী আদেশ জারি সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি :

| ক্রঃ নং | পদের নাম | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাঃ বেঃ স্কেল, ২০১৫) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | প্রোগ্রামার<br>০১ (এক)টি | টাঃ ৩৫,৫০০—৬৭,০১০<br>( গ্রেড-৬) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিলের ক্রমিক নং-১১ দ্বারা পূরণযোগ্য। |
| ০২. | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার<br>০১ (এক)টি | টাঃ ২২,০০০—৫৩,০৬০<br>(গ্রেড-৯) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিলের ক্রমিক নং-১৬ দ্বারা পূরণযোগ্য। |
| ০৩. | সহকারী প্রোগ্রামার<br>০১ (এক)টি | টাঃ ২২,০০০—৫৩,০৬০<br>(গ্রেড-৯) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিলের ক্রমিক নং-১৪ দ্বারা পূরণযোগ্য। |
| ০৪. | কম্পিউটার অপারেটর<br>০১ (এক)টি | টাঃ ১১,০০০—২৬,৫৯০<br>( গ্রেড-১৩) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিলের ক্রমিক নং-১৮ দ্বারা পূরণযোগ্য। |
| | মোট= | ০৪ (চার) | |

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ খ্রি. তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ নং সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং

(খ) পদ সৃজনের সরকারি আদেশের পৃষ্ঠাংকনকৃত কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগে প্রেরণ করতে হবে;

(গ) যে সকল পদ নিয়োগ বিধি/প্রবিধানমালায় অন্তর্ভুক্ত নেই সে সকল পদ নিয়োগ বিধি/প্রবিধানমালায় অন্তর্ভুক্ত করতে হবে;

(ঘ) অস্থায়ীভাবে পদ সৃজনের সরকারি আদেশ জারি করে ০৩ (তিন) কপি জি.ও অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-৩ অধিশাখা হতে পৃষ্ঠাঙ্কন করতে হবে;

(চ) ৪ নং কলামে নির্ধারণকৃত বেতন গ্রেড ৫ নং কলামের শর্তানুযায়ী কার্যকর হবে; এবং

(ছ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০২। রাজস্বখাতে অস্থায়ীভাবে পদ সৃষ্টির এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোস্তাক আহমেদ**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৬ আশ্বিন ১৪২৮/২১ সেপ্টেম্বর ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.২১-৬৯৪**—নোয়াখালী জেলার চাটখিল থানার মামলা নং-২৬/২৬৯, তারিখ : ২৬-০৯-২০১৯ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১১/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.২১-৬৯৫**—গাজীপুর জেলার টঙ্গী পূর্ব থানার মামলা নং-২১, তারিখ : ০৮-১১-২০১৯ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(আ)(ঈ)/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.২১-৬৯৬**—মেহেরপুর জেলার গাংনী থানার মামলা নং-১৪, তারিখ : ১১-১০-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.২১-৬৯৭**—পাবনা জেলার আতাইকুলা থানার মামলা নং-১০, তারিখ : ২৩-০৪-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)৭/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.২১-৬৯৮**—পাবনা জেলার সাথিয়া থানার মামলা নং-১৬, তারিখ : ২২-০৯-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(৩)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.২১-৬৯৯**—ঢাকা জেলার আশুলিয়া থানার মামলা নং-২৫(১১)২০২০-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**

উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**

**পরিকল্পনা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

নং **৫৯.০০.০০০০.১৫২.১৪.০১২.২০২১-২১৭**—স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় বিএসএমএমইউ কর্তৃক বাস্তবায়নাধীন "বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় পূর্ণাঙ্গ শিশু কার্ডিওলজি ও শিশু কার্ডিয়াক সার্জারী ইউনিট স্থাপন" শীর্ষক প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী নিম্নরূপভাবে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম
৫. উপসচিব (পরিকল্পনা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম
৬. পরিচালক (পরিকল্পনা), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
৭. প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৮. প্রতিনিধি, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৯. প্রতিনিধি, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
১০. প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), পরিকল্পনা মন্ত্রণালয়
১১. প্রতিনিধি, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
১২. প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন
১৩. প্রতিনিধি, গণপূর্ত অধিদপ্তর
১৪. প্রতিনিধি, স্থাপত্য অধিদপ্তর
১৫. প্রকল্প পরিচালক, "বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে পূর্ণাঙ্গ শিশু কার্ডিওলজি ও শিশু কার্ডিয়াক সার্জারী ইউনিট স্থাপন" শীর্ষক প্রকল্প

**সদস্য-সচিব**

১৬. সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা, পরিকল্পনা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম

**প্রকল্প স্টিয়ারিং কমিটির (PSC) কার্যপরিধি :**

ক. প্রকল্প স্টিয়ারিং কমিটি প্রকল্পের সর্বোচ্চ নীতি নির্ধারিণী কমিটি। প্রকল্পের বাস্তবায়ন, অগ্রগতি পর্যালোচনা ও যে কোন সমস্যা সমাধানের সুপারিশ করা;
খ. প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান প্রকল্পের বাস্তবায়নে নীতিপদ্ধতি প্রণয়ন করা;
গ. প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত যে কোন বিষয় পর্যবেক্ষণ করা;
ঘ. প্রতি ৩ মাসে ১ বার বা প্রয়োজনমতো সভার মাধ্যমে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা;
ঙ. কমিটির সদস্যবৃন্দ প্রতি সভায় যোগদানের জন্য ৩,০০০ (তিন হাজার) টাকা সম্মানী পাবেন; এবং
চ. প্রয়োজনে এক বা একাধিক সদস্যকে কমিটিতে কো-অপ্ট করা।

০২। কমিটির সকল সদস্যবৃন্দ সরকারি বিধি মোতাবেক সভার সম্মানী প্রাপ্য হবেন।

নং **৫৯.০০.০০০০.১৫২.১৪.০১২.২০২১-২১৮**—স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় বিএসএমএমইউ কর্তৃক বাস্তবায়নাধীন "বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় পূর্ণাঙ্গ শিশু কার্ডিওলজি ও শিশু কার্ডিয়াক সার্জারী ইউনিট স্থাপন" শীর্ষক প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় পর্যবেক্ষণ ও পরামর্শ প্রদানের জন্য অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী নিম্নরূপভাবে একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১. উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)

**সদস্যবৃন্দ**

২. যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম

৩. প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৪. প্রতিনিধি, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
৫. প্রতিনিধি, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
৬. প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন
৭. প্রতিনিধি, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৮. প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), পরিকল্পনা মন্ত্রণালয়
৯. প্রতিনিধি, স্থাপত্য অধিদপ্তর
১০. প্রতিনিধি, গণপূর্ত অধিদপ্তর
১১. উপসচিব (পরিকল্পনা-১), (পরিকল্পনা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম
১২. পরিচালক (পরিকল্পনা), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

**সদস্য-সচিব**

১৩. প্রকল্প পরিচালক, "বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে পূর্ণাঙ্গ শিশু কার্ডিওলজি ও শিশু কার্ডিয়াক সার্জারী ইউনিট স্থাপন" শীর্ষক প্রকল্প

**প্রকল্প বাস্তবায়নের কমিটির (PIC) কার্যপরিধি :**

ক. প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহযোগীতা প্রদান করবে;

খ. প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত যে কোন সমস্যার সমাধানে সুপারিশ করা;

গ. প্রতি ৩ মাসে ১ বার বা প্রয়োজনমত সভার মাধ্যমে গুরুত্বপূর্ণ বিষয়ে সুপারিশ করা;

ঘ. কমিটির সদস্যবৃন্দ প্রতি সভায় যোগদানের জন্য ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা সম্মানী পাবেন; এবং

ঙ. প্রয়োজনে এক বা একাধিক সদস্যকে কমিটিতে কো-অপ্ট করা।

০২। কমিটির সকল সদস্যবৃন্দ সরকারি বিধি মোতাবেক সভার সম্মানী প্রাপ্য হবেন।

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩১ ভাদ্র ১৪২৮/১৫ সেপ্টেম্বর ২০২১

নং **৪৬.৪২.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.১৯৬৫**—সিলেট জেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ লুৎফুর রহমান অ্যাডভোকেট গত ০২ সেপ্টেম্বর ২০২১ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৪.০০টায় সিলেটের একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(ঙ) অনুযায়ী সিলেট জেলা পরিষদের চেয়ারম্যান পদটি এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

তারিখ : ০৪ আশ্বিন ১৪২৮/১৯ সেপ্টেম্বর ২০২১

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯.১৯৯০**—কক্সবাজার জেলা পরিষদের ০২নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ রুহুল আমিন গত ০৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে পদত্যাগ পত্র দাখিল করেছেন। উক্ত পদত্যাগ পত্রটি চেয়ারম্যান কর্তৃক গৃহীত হয়েছে।

২। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী কক্সবাজার জেলা পরিষদের ০২নং ওয়ার্ড সদস্য পদটি এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী**
উপসচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**পরিমেয় ঐতিহ্য শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২১/২৪ ভাদ্র ১৪২৮

**নং ৪৩.০০.০০০০.১২৯.০৬.০০৫.২০.১৩৩**—ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০ এর ৭ ধারামতে 'কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার' এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে ১০(দশ) সদস্য বিশিষ্ট নির্বাহী পরিষদ গঠন করা হলো :

| ক্রমিক | নাম ও পদবি | সাংগঠনিক ও পেশাগত অভিজ্ঞতা | ঠিকানা | পরিষদের পদবি |
|---|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | - | জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার | সভাপতি |
| ২. | উপসচিব (পরিমেয় ঐতিহ্য) | - | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ | সদস্য |
| ৩. | উপসচিব (সমন্বয়-২) | - | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ | সদস্য |
| ৪. | মিসেস এথিন রাখাইন | সাবেক সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ ও বিশিষ্ট রাজনীতিবিদ। | টেকপড়া, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার। | সদস্য |

| ক্রমিক | নাম ও পদবি | সাংগঠনিক ও পেশাগত অভিজ্ঞতা | ঠিকানা | পরিষদের পদবি |
|---|---|---|---|---|
| ৫. | মিঃ মং ছেন লা | সভাপতি, রাখাইন বুড্ডিস্ট ওয়েলফেয়ার এসোসিয়েশন, বাংলাদেশ। | রাখাইন বুড্ডিস্ট ওয়েলফেয়ার ভবন, টেকপাড়া, কক্সবাজার। | সদস্য |
| ৬. | এডভোকেট সেন থাক্য | সিনিয়র আইনজীবী ও মানবাধিকার কর্মী | গোরকঘাটা, মহেশখালী পৌরসভা, উপজেলা-মহেশখালী, জেলা-কক্সবাজার। | সদস্য |
| ৭. | মিঃ অংফুতাইন চাকমা | শিক্ষকতা, সমাজসেবক ও সাংস্কৃতিক সংগঠক। | মাদার-বুনিয়া, জালিয়া পালং, উখিয়া, কক্সবাজার। | সদস্য |
| ৮. | জনাব সত্যপ্রিয় চৌধুরী | নাট্যজন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট, কক্সবাজার। | নন্দন কানন, কাচাড়ী পাহাড়, কক্সবাজার। | সদস্য |
| ৯. | জনাব জাহেদ সরওয়ার | বিশিষ্ট সাংবাদিক, বিটিভি'র জেলা প্রতিনিধি, কক্সবাজার এবং সাংস্কৃতিক ও শিশু সংগঠক। | দক্ষিণ টেকপাড়া, পল্লবী লেইন, কক্সবাজার। | সদস্য |
| ১০. | পরিচালক | - | কক্সবাজার সাংস্কৃতি কেন্দ্র, কক্সবাজার। | সদস্য-সচিব |

২। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০ এর ৭ (২) উপধারা অনুযায়ী পরিষদের মনোনীত সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ থেকে ০৩ (তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময়ে যে কোনো মনোনীত সদস্যের সদস্যপদ বাতিল করতে পারবে কিংবা নির্বাহী পরিষদ পুনর্গঠন করতে পারবে এবং একই আইনের ৭(৩) উপধারা অনুযায়ী মনোনীত কোনো সদস্য যে কোনো সময় সরকারকে উদ্দেশ্য করে তাঁর স্বাক্ষরযুক্ত পত্রযোগে এক মাসের নোটিশ প্রদানপূর্বক স্বীয়পদ ত্যাগ করতে পারবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ০৩-০৮-২০১৯ খ্রিঃ তারিখ হতে ভূতাপেক্ষভাবে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাম্মৎ জোহরা খাতুন**
উপসচিব।

---

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**সরকারি কলেজ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৫.২০২১.৫০৮**—যেহেতু, জনাব নাছিমা আক্তার (০১২৬২৭), প্রভাষক (পদার্থবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা University Kebangsaan, Malaysia-তে পি.এইচ. ডি. কোর্স অধ্যয়নের লক্ষ্যে গত ২১-০১-২০০৯ খ্রিঃ হতে ২০-০১-২০১২ খ্রিঃ পর্যন্ত ০৩ (তিন) বছরের প্রেষণ মঞ্জুর করা হয়। গত ২১-০১-২০১২ খ্রিস্টাব্দে প্রেষণ শেষ হওয়া সত্ত্বেও তিনি ০৫-০১-২০২১ খ্রিঃ পর্যন্ত ০৮ (আট) বছর (এগার) মাস ১৫ (পনের) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন।

যেহেতু, জনাব নাছিমা আক্তার ০৩ (তিন) বছর প্রেষণসহ মোট ১১ (এগার) বছর ১১ (এগার) মাস ১৫ (পনের) দিন একনাগাড়ে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন নি;

যেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৬-১২-২০১৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপনের উচ্চ শিক্ষা বিষয়ক নীতিমালার ১১ এর (জ) অনুযায়ী কোনো কর্মচারী প্রশিক্ষণ বা উচ্চশিক্ষার জন্য একসাথে ৫ (পাঁচ) বছরের বেশি প্রেষণ/শিক্ষাছুটি/অসাধারণ ছুটি অথবা ছুটি ছাড়া নিজ পদ হতে যদি অনুপস্থিত থাকেন, তবে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ এর বিধান প্রযোজ্য হয় অর্থাৎ এ ক্ষেত্রে অনুপস্থিতির কাল/সময় ০৫ (পাঁচ) বছর অতিক্রম করলেই চাকরির অবসান (Ceases to be in Government employee) হয় ;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব নাছিমা আক্তার-কে চাকরি হতে অবসান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করেছে এবং মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব নাছিমা আক্তার (০১২৬২৭), প্রভাষক (পদার্থবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ২১-০১-২০১৪ খ্রিঃ হতে সরকারি চাকরি হতে অবসান (Ceases to be in Government employee) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুব হোসেন**
উপসচিব।

---

**(সরকারি মাধ্যমিক-৩)**
**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৭ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৯২.১৫.১৭৩.২১-৩৯৮**—গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর উপজেলাধীন 'শেখ রাসেল উচ্চ বিদ্যালয়'টি ০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ/১৭ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ তারিখ হতে সরকারিকরণ করা হলো।

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোনো শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৩৭.০০.০০০০.০৯২.১৫.১৭২.২১-৩৯৯**—গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর উপজেলাধীন 'বঙ্গবন্ধু স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়'টি ১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ/১৭ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ তারিখ হতে সরকারিকরণ করা হলো।

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোনো শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৩৭.০০.০০০০.০৯২.১৫.১৭৪.২১-৪০০**—জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন 'শেখ রাসেল উচ্চ বিদ্যালয়'টি ০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ/১৭ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ তারিখ হতে সরকারিকরণ করা হলো।

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ জামাল হোসেন**
উপসচিব।

---

**(সরকারি মাধ্যমিক-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.৩৯.১৩৬.১৮-৪৪৭**—শিক্ষাক্রম উন্নয়ন, পরিমার্জন, বিস্তরণ ও বাস্তবায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালার জন্য জাতীয় শিক্ষাক্রম বিষয়ক উপদেষ্টা কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

**চেয়ারপারসন**

১. মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

**কো-চেয়ারপারসনবৃন্দ**

২. মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৩. উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
৭. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
৮. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
৯. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. উপাচার্য, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
১১. উপাচার্য, আরবি ইসলামি বিশ্ববিদ্যালয়
১২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১৩. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
১৪. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
১৫. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
১৬. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
১৭. প্রফেসর নেসার হোসেন, ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
১৮. অধ্যাপক হাসিনা খান, মলিকিউলার বায়োলজি, ঢাকা বিশ্ববিদ্যালয়
১৯. প্রফেসর ড. নাজমুল হক, অধ্যাপক (অবঃ), শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
২০. ড. ফখরুল ইসলাম, অধ্যাপক (ইংরেজি), ঢাকা বিশ্ববিদ্যালয়

**সদস্য সচিব**

২১. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)

০২। **কমিটি'র কর্মপরিধি:**

(ক) শিক্ষাক্রম সংক্রান্ত নীতি নির্ধারণে পরামর্শ প্রদান;
(খ) আন্তঃ মন্ত্রণালয় ও আন্তঃঅধিদপ্তর এবং শিক্ষা সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহের কার্যাবলির সমন্বয় সাধনে পরামর্শ প্রদান;
(গ) শিক্ষাক্রম সংক্রান্ত যে কোনো অসঙ্গতি নিরসনের জন্য পরামর্শ প্রদান;
(ঘ) বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর এবং শিক্ষাক্রম সংক্রান্ত প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি পর্যালোচনা করে প্রাসঙ্গিক পরামর্শ প্রদান;
(ঙ) শিক্ষাক্রমের যথাযথ বাস্তবায়নের মাধ্যমে শিক্ষার গুণগত মান উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান;
(চ) জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির (এনসিসিসি) বিভিন্ন কর্মকাণ্ডের মধ্যে সমন্বয় সাধন;
(ছ) উপদেষ্টা কমিটির বিবেচনা শিক্ষাক্রম সংক্রান্ত গুরুত্বপুর্ণ বিষয় সম্পর্কিত পরামর্শ প্রদান।

৩। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলমগীর হুছাইন**
উপসচিব।

---

**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ ভাদ্র ১৪২৮/০৬ সেপ্টেম্বর ২০২১

নং **৩৭.০০.০০০০.০৭০.৪৩.০০১.১৮.১৬১—'**সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-**২০১৮'**-এর আলোকে বঙ্গবন্ধু কলেজ, খরসূতী, বোয়ালমারী, ফরিদপুর গত ০৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ হতে সরকারি করা হলো।

নং **৩৭.০০.০০০০.০৭০.৫৬.০০১.১৮.১৬২—'**সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮**'**-এর আলোকে বঙ্গবন্ধু কলেজ, চিন্তামন, ফুলবাড়ী, দিনাজপুর গত ০৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ হতে সরকারি করা হলো।

**নং ৩৭.০০.০০০০.০৭০.৫৪.০০১.১৮.১৬৩—'**সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮**'**-এর আলোকে নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন **'**শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা মহাবিদ্যালয়**'** গত ০৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালেদা আখতার**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ৩১ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪০.১২(অংশ-১).১৯৯**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act (XXVlll of 1951)-এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34 (2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | গোলনা | ৩৭ | ৪৮৪ | ডুমুরিয়া | খুলনা |
| ২ | আরাজি সাজিয়াড়া | ৩৮ | ৫২৭ | ডুমুরিয়া | খুলনা |
| ৩ | সাপমারি কাটাখালী | ১০ | ৪৪০ | রামপাল | বাগেরহাট |
| ৪ | বাঁশবাড়িয়া | ১১০ | ৭৩৩ | রামপাল | বাগেরহাট |
| ৫ | বৃচাকশ্রী | ৯৭ | ৩৪৯ | রামপাল | বাগেরহাট |
| ৬ | ভোজপাতিয় া | ১১২ | ৮৪৪ | রামপাল | বাগেরহাট |
| ৭ | কামারডাঙ্গা | ৭ | ১৪৪ | মোংলা | বাগেরহাট |
| ৮ | শ্রীউলা | ৯৯ | ২১৬৭ | আশাশুনি | সাতক্ষীরা |
| ৯ | আশাশুনি | ৮৪ | ১৮৭০ | আশাশুনি | সাতক্ষীরা |
| ১০ | তাড়ালী | ১৮০ | ২০১৪ | কালিগঞ্জ | সাতক্ষীরা |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১১.২১.২০০**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act (XXVlll of 1951)-এর 144(7) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34 (2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | সেখপাড়া | ১৪৭ | ৮১৫ | বগুড়া সদর | বগুড়া |
| ২ | ভান্ডার পাইকা | ১৭০ | ৭৯৭ | বগুড়া সদর | বগুড়া |
| ৩ | দাহিলা | ১৫২ | ৭০৫ | শিবগঞ্জ | বগুড়া |
| ৪ | চাকলমা | ২০৯ | ১৪৪৪ | শিবগঞ্জ | বগুড়া |
| ৫ | জিনরী | ৩৯ | ১৩৪১ | আদমদিঘী | বগুড়া |
| ৬ | বরিয়াবার্ত্তা | ১০৮ | ৯৮৫ | আদমদিঘী | বগুড়া |
| ৭ | উত্তর জোড়গাছা | ৭৯ | ২৮৮৪ | সোনাতলা | বগুড়া |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.২২১.১০.(অংশ-১).২০১**—State Acquisition And Tenancy Act, 1950 (Act (XXVlll of 1951)-এর ১৪৪ (৭) ধারা প্রজাস্বত্ব প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955) এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

২। এতদবিষয়ে ভূমি মন্ত্রণালয়ের গত ২৭ আগস্ট ২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৩.২২১.১০(অংশ-১)-১৫৮ নম্বর স্মারকে স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশিত বিজ্ঞপ্তির মন্তব্য কলাম নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:

| পূর্ববর্তী বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | পূর্ববর্তী বিজ্ঞপ্তিতে উল্লিখিত মৌজার নাম | জেএল নম্বর | পূর্ববর্তী বিজ্ঞপ্তিতে উল্লিখিত উপজেলার নাম | জেলার নাম | সংশোধিত মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩ | ছলিয়া | ১২৪ | সাভার | ঢাকা | ০১ নং খতিয়ানভুক্ত হাল ৫০১ হতে ৫১৬, ৫১৮ হতে ৫৪৯, ৫৯৮ হতে ৬০০, ৬১৫, ৮২৮ হতে ৮৪৫, ৮৪৭ হতে ৮৫৩ ও ৮৫৮ হতে ৮৬০ নং দাগ ব্যতিত” |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৬৩.১০(অংশ-১).২০২**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act (XXVIII of 1951)-এর ১৪৪(৭) ধারা এবং (Tenancy Rules, 1955 এর 34 (2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | বানীপাড়া | ৫৩ | ৮১৮ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ২ | বগা | ২৪৯ | ২৪১৪ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩ | ফুলমালীরচালা | ৩০৬ | ৮২৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৪ | মুরাইদ | ২৯৩ | ৪৩২৯ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৫ | বড় মেধার | ২৮৫ | ১০৩৮ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৬ | কাকুয়া | ১০ | ১৮৯৯ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ৭ | কাতুলী | ১৩৮ | ২৫৬৫ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ৮ | বেলটিয়াবাড়ী | ২২৭ | ১৮৩ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ৯ | রাঙাচিড়া | ০৯ | ১০৪১ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ১০ | ইছাপাশা | ১১৫ | ৯৮৮ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ১১ | গোপালকেউটিল | ১২ | ১০২১ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ১২ | তরপপুর | ২২ | ৩৫০৯ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ১৩ | রাজাবাড়ী | ১৮১ | ১৮৯০ | মির্জাপুর | টাঙ্গাইল |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাকিলা রহমান**
সিনিয়র সহকারী সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**ঢাকা বিআরটিএ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১৬ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩৫.০০.০০০০.০৪৫.০৫.০০১.১৫.৭০**—Dhaka Bus Rapid Transit Company Limited (Dhaka BRT) এর Articles of Association (AoA) এবং Memorandum of Association (MoA) অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সমন্বয়ে পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হলো :

**চেয়ারম্যান**

১. জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

**পরিচালকবৃন্দ**

২. শেখ মোহাম্মদ মোরশেদ, অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল
৩. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
৪. খন্দকার রাকিবুর রহমান, নির্বাহী পরিচালক, ডিটিসিএ
৫. অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৬. ড. মোঃ মনিরুজ্জামান, যুগ্মসচিব ও পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সেতু বিভাগ।
৭. অধ্যাপক ড. খন্দকার সাব্বির আহমেদ, ডীন আর্কিটেকচার ও প্ল্যানিং অনুষদ, বুয়েট
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন
৯. জনাব মোঃ আমিনুল হক শামীম, সহ-সভাপতি, এফবিসিসিআই
১০. জনাব মুহাম্মদ ফারুক, এফসিএ, সভাপতি, আইসিএবি
১১. জনাব খন্দকার এনায়েত উল্যাহ, মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি।
১২. জনাব সফিকুল ইসলাম, ব্যবস্থাপন পরিচালক, ঢাকা বিআরটি কোম্পানি লিমিটেড।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অপূর্ব কুমার মন্ডল**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/১০ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৯৪.২৭.০২৬.২১.৭৩৬**—যেহেতু, জনাব মোঃ সারোয়ার কবীর সোহাগ, বিপি-৮৫১৪৬৬২০২, সহকারী পুলিশ সুপার, অপরাধ তদন্ত বিভাগ(সিআইডি), রংপুর এর বিরুদ্ধে দিনাজপুর জেলার চিরিরবন্দর থানার মামলা নং-২৬, তারিখ-২৫-৮-২০২১ ধারা ১৪৩/৪৪৮/৩২৩/৩৮০/৩৮৫/৩৬৫/১১/৫০৬(২)/৩৪ পেনাল কোড রুজু হয় এবং বর্ণিত কর্মকর্তা উক্ত মামলায় গ্রেফতার হয়ে বর্তমানে জেল হাজতে আছেন;

সেহেতু, জনাব মোঃ সারোয়ার কবীর সোহাগকে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৭৩ এর নোট-১ ও নোট-২ অনুযায়ী ২৫-৮-২০২১ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি পুলিশ অধিদপ্তরে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌরসভা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ ভাদ্র ১৪২৮/০৯ সেপ্টেম্বর ২০২১

নং **৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-৭৯৩**—কুষ্টিয়া পৌরসভার ২১ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ ইসলাম শেখ, টাংগাইল পৌরসভার ০৪ নং ওয়ার্ড কাউন্সিল জনাব আনোয়ার সাদাৎ তানাকা এবং পটুয়াখালী জেলার কলাপাড়া পৌরসভার ০৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শেখর চন্দ্র মিত্র এর মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক গেজেট প্রজ্ঞাপন জারির তারিখ হতে সরকার উক্ত ওয়ার্ড কাউন্সিলরগণের পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ফারুক হোসেন**
উপসচিব।

---

**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৭ ভাদ্র ১৪২৮/১১ সেপ্টেম্বর ২০২১

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯.১৯২০**—নীলফামারী জেলা পরিষদের ৬নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ আলী হোসেন, পিতা: মোঃ হামিদুল হক, গ্রাম: উত্তর বেরুবন্দ, ডাকঘর: শিমুলবাড়ী, উপজেলা: জলঢাকা, জেলা: নীলফামারী গত ০৪ আগস্ট ২০২১ তারিখে পদত্যাগ করেন। তাঁর পদত্যাগপত্র চেয়ারম্যান, জেলা পরিষদ, নীলফামারী কর্তৃক গত ০৪ আগস্ট তারিখে গৃহীত হয়েছে।

২। এমতাবস্থায়, নীলফামারী জেলা পরিষদের ৬নং ওয়ার্ড সদস্য পদটি জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা (১) উপধারা (১) (ঙ) অনুযায়ী এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

নং **৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯.১৯২১**—নারায়ণগঞ্জ জেলা পরিষদের ১৪নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ মিজানুর রহমান, পিতা: হাজী আমানুল্লাহ, গ্রাম: নাওয়া, উপজেলা: রূপগঞ্জ, জেলা: নারায়ণগঞ্জ গত ২৯ আগস্ট ২০২১ তারিখে পদত্যাগ পত্র দাখিল করেছেন। উক্ত পদত্যাগ পত্রটি চেয়ারম্যান কর্তৃক গৃহীত হয়েছে।

২। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ১১ এর ধারা ১১ এর উপ-ধারা (১)(ঙ) অনুযায়ী উক্ত পদটি শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী**
উপসচিব।